ইবি প্রেসক্লাবের সভাপতি হুরাইরা, সম্পাদক পাপ্পু

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) কর্মরত সাংবাদিকদের সংগঠন ইবি প্রেসক্লাবের কার্যনির্বাহী পরিষদের নির্বাচন-২০২২ সম্পন্ন হয়েছে।

এতে দৈনিক প্রতিদিনের সংবাদের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আবু হুরাইরা সভাপতি এবং সমকালের মুতাসিম বিল্লাহ পাপ্পু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

সোমবার (৩১ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের প্রেস কর্নারে অনুষ্ঠিত নির্বাচনে সদস্যদের প্রত্যক্ষ ভোটে তারা নির্বাচিত হন। সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।

পরে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে ফল ঘোষণা করেন ইবি প্রেসক্লাবের সাবেক সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) এ কে আজাদ লাভলু। এরপর প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ড. মাহবুবুর রহমান পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ-সভাপতি রুমি নোমান (জাগো নিউজ) ও আহসান নাঈম (একুশে টেলিভিশন), যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব আলম রায়হান (ভোরের কাগজ), দপ্তর সম্পাদক মুনজুরুল ইসলাম নাহিদ (কালের কণ্ঠ), কোষাধ্যক্ষ আদিল সরকার (সময়ের আলো), প্রচার, প্রকাশনা ও সাহিত্য সম্পাদক রাকিব হোসেন রেদওয়ান (বাংলাদেশ প্রতিদিন), ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক আজাহারুল ইসলাম (জনকণ্ঠ)।

কার্যনিবার্হী সদস্য সরকার মাসুম (দৈনিক যুগান্তর), তারিকুল ইসলাম (বাংলা নিউজ২৪), নুর আলম (একাত্তর পোস্ট), আবির হোসেন (ক্যাম্পাস লাইভ-২৪) এবং নাজমুল হুসাইন (বাংলা ট্রিবিউন)।

ফল ঘোষণাকালে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. জাহাঙ্গীর হোসেন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ এম আলী হাসান, পরিবহন প্রশাসক অধ্যাপক ড. আনোয়ার হোসেন ও ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. শেলীনা নাসরীনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষক

[illegible] [illegible] [illegible] [